# চুক্তি ভেঙে গাজায় হামলা, ফের আলোচনায় ফেরার দাবি ইসরায়েলের



সংগৃহীত ছবি

গাজায় যুদ্ধবিরতি লঙ্ঘনের পরপরই আবারও শান্তি চুক্তিতে ফেরার কথা বলেছে ইসরায়েল। হামাসের আগ্রাসনের জবাবে 'আত্মরক্ষার অভিযান' চালানোর দাবি করেছে আইডিএফ, যদিও ফিলিস্তিনি গোষ্ঠীটি এসব অভিযোগ প্রত্যাখ্যান করেছে।

গাজায় যুদ্ধবিরতির শর্ত অমান্য করে বিমান হামলা চালানোর কয়েক ঘণ্টার মধ্যেই পুনরায় যুদ্ধবিরতিতে ফেরার আহ্বান জানিয়েছে ইসরায়েল। ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনীর (আইডিএফ) দাবি, হামাসই প্রথম চুক্তি ভেঙে রাফা সীমান্তে তাদের অবস্থানে হামলা চালায়। ফলে আত্মরক্ষার প্রয়োজনে পাল্টা অভিযান চালানো হয়েছে।

রোববার (১৯ অক্টোবর) ঘটে যাওয়া ওই ঘটনায় দুই ইসরায়েলি সেনা নিহত হয়েছে বলে জানিয়েছে তেলআবিব। হামাস অবশ্য এই অভিযোগ সরাসরি অস্বীকার করেছে। সংগঠনটির সামরিক শাখা কাসেম ব্রিগেডের এক বিবৃতিতে বলা হয়েছে, তারা ইসরায়েল নিয়ন্ত্রিত কোনো এলাকায় হামলা চালায়নি, বরং ওই সময় বিভিন্ন ইউনিটের সঙ্গে যোগাযোগও বিচ্ছিন্ন ছিল।

LENS ASIA

ইসরায়েল হুঁশিয়ারি দিয়ে বলেছে, যুদ্ধবিরতি ভঙ্গের কোনো ঘটনা ঘটলে তার জবাব কঠোরভাবে দেওয়া হবে।

উল্লেখ্য, যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ১০ অক্টোবর গাজায় যুদ্ধবিরতি কার্যকর হয়। তবে শুরু থেকেই ইসরায়েলের অবস্থান নিয়ে সংশয় প্রকাশ করে আসছিল ফিলিস্তিনি কর্তৃপক্ষ। তাদের দাবি, যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর থেকে এখন পর্যন্ত ইসরায়েল অন্তত ৪৭ বার চুক্তির শর্ত লঙ্ঘন করেছে।